87

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 11 NOV. 1998 ...
পৃষ্ঠা: ৪ ... কলাম ... ১ ...

# খুলনা বিভাগের সরকারী হাইস্কুলে শতাধিক শিক্ষকের পদ শূন্য

**স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥** খুলনা বিভাগের সরকারী মাধ্যমিক বিদ্যালয় (বালক-বালিকা)সমূহে শতাধিক শিক্ষকের পদ দীর্ঘদিন যাবত শূন্য থাকায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, খুলনা বিভাগের ১০ জেলায় সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ৩৬টি। এ সকল বিদ্যালয়ে মোট শিক্ষকের পদ রয়েছে ৯শ' ৪৬টি। প্রয়োজনের তুলনায় পদের সংখ্যা অনেক কম। এতদসত্ত্বেও সৃষ্ট পদের মধ্যে ১শ' ৮ জন শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। ৩৬টি স্কুলের মধ্যে ১৯টিতে প্রধান শিক্ষক নেই। ৪২ সহকারী প্রধান শিক্ষকের মধ্যে ১৭টি এবং ৮শ' ৬৮ সহকারী শিক্ষকের মধ্যে ৭২টি পদ শূন্য রয়েছে।

এছাড়া শিক্ষকদের অনেকেই বিভিন্ন কারণে ছুটিতে থাকেন। বেশ কিছু শিক্ষক ট্রেনিং ও স্কুলের অন্যান্য কাজে ব্যস্ত থাকায় ক্লাস নিতে পারেন না। শূন্যপদ এবং ছুটিছাটা মিলিয়ে দু'শতাধিক শিক্ষকের অনুপস্থিতির কারণে এ বিভাগের সরকারী মাধ্যমিক বিদ্যালয়গুলোতে শিক্ষা কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে।